

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসন ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.০৮.৭০৪.২৪-৪৯৩৬.

তারিখ : ২৯/০৯/২০২৪

বিষয় : জনাব সুমি আক্তার, পরিবার কল্যাণ সহকারী, ১ নং ওয়ার্ড, চরভাঙ্গা ইউনিয়ন, ভেদরগঞ্জ, শরীয়তপুর এর ১৭৭ (একশত সাতাত্তর) দিন বহিঃবাংলাদেশ অতিরিক্ত ছুটি মঞ্জুরীর নিমিত্ত তথ্য প্রদান।

সূত্র : উপপরিচালক, প.প., শরীয়তপুর এর স্মারক নং-জেপপ/শরী/২০২৪/৫০৫, তারিখ : ০১.০৯.২০২৪


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০.১১.২০২৩ তারিখের ৫৯.১১.০০০০.১৫২.০৮.০৩৩.২৩-১৮৮৯ নম্বর স্মারকে শরীয়তপুর জেলাধীন ভেদরগঞ্জ উপজেলার চরভাঙ্গা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের পরিবার কল্যাণ সহকারী জনাব সুমি আক্তার-কে পবিত্র ওমরা হজ্জ পালনের নিমিত্ত ১৯.১১.২০২৩ তারিখ হতে অথবা প্রকৃত ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। তিনি উক্ত ছুটি ভোগের পর অসুস্থতার কারণ দেখিয়ে সৌদি আরবে অবস্থান করে আরও ১৭৭ (একশত সাতাত্তর) দিন বহিঃবাংলাদেশ অতিরিক্ত ছুটি মঞ্জুরীর নিমিত্ত আবেদন করেছেন। তাঁর আবেদন বিবেচনার নিমিত্ত নিম্নবর্ণিত তথ্যাদি প্রয়োজন :

- (১) সৌদি দূতাবাস কর্তৃক জনাব সুমি আক্তার এর ছুটির আবেদন মহাপরিচালক বরাবর অগ্রায়নপত্রের মূল কপি;
- (২) সৌদি আরবে ১৭৭ (একশত সাতাত্তর) দিন হাসপাতালে ভর্তি/অবস্থানের স্বপক্ষে হাসপাতাল কর্তৃক মূল প্রত্যয়নপত্র;
- (৩) অসুস্থতার স্বপক্ষে সকল মেডিকেল টেস্ট রিপোর্ট ও প্রেসক্রিপশনের মূল কপি;
- (৪) ছুটি প্রাপত্যের হিসাব
- (৫) বর্ণিত সময়ে বেতন-ভাতা প্রদান করা হয়েছে কিনা তার তথ্য।

এমতাবস্থায়, বর্ণিত তথ্যাদিসহ অসুস্থতার কারণ দেখিয়ে সৌদি আরবে অতিরিক্ত ১৭৭ (একশত সাতাত্তর) দিন অবস্থানের বিষয়ে আপনার সুস্পষ্ট মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

উপপরিচালক
পরিবার পরিকল্পনা
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,
শরীয়তপুর।



২৬.০৯.২০২৪
(আইভি ইয়াছমিন)
উপপরিচালক (পার্সোনেল) (চলতি দায়িত্ব)
ফোন : ০২৫৫০১২৩৪৩

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.০৮.৭০৪.২৪-৪৯৩৬/১(৪)

তারিখ : ২৯/০৯/২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ, আজিমপুর, ঢাকা।
- ২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ৩। মহাপরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৪। অফিস কপি।


২৬.০৯.২০২৪
(টৌধুরী মোর্শেদ আলম)
সহকারী পরিচালক (পার-১)
ফোন : ০২৫৫০১২৩৪৪